



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনএসডিসি সচিবালয়
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

স্মারক নং: ৪০.০৫.০৪.০০৭.০১.০০.০২৪.২০১৫/৫১৬

তারিখ: ২৬ ভাদ্র, ১৪২৪
১০ সেপ্টেম্বর ২০১৭

বিষয় : কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (টিভিইটি) সেক্টরে গবেষক পুল তৈরি ও গবেষণার শিরোনাম প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (টিভিইটি) সেক্টরে একটি গবেষক পুল তৈরির লক্ষ্যে এনএসডিসি সচিবালয়ের উদ্যোগে আইএলও এর B-SEP প্রকল্পের সহায়তায় ১০৪ জন টিভিইটি প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাকে গবেষণা পদ্ধতি (Research Methodology) এর ওপর এক সপ্তাহের প্রশিক্ষণ প্রদান করা হয় এবং প্রশিক্ষণান্তে প্রত্যেককে একটি গবেষণা প্রস্তাব (Research Proposal) তৈরির নির্দেশনা দেয়া হয়। তৎপ্রেক্ষিতে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের কাছ থেকে প্রাপ্ত ৬৫টি গবেষণা প্রস্তাবনার শিরোনাম গবেষণা প্রস্তাবনা যাচাই-বাছাই কমিটি কর্তৃক অনুমোদিত হয় এবং এর মধ্য থেকে ১৯টি গবেষণা প্রতিবেদন গবেষকগণ কর্তৃক উপস্থাপনা শেষে বর্ণিত কমিটি কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত ও নির্বাচিত হয়। টিভিইটি সেক্টরের বিভিন্ন বিষয়ে সাফল্যজনকভাবে গবেষণা সম্পন্ন করায় নির্বাচিত ২৩ জন গবেষককে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে এনএসডিসি সচিবালয়ে একটি গবেষক পুল তৈরি করা হয়।

এনএসডিসি সচিবালয় ২০১৭-১৮ অর্থবছরের রাজস্ব বাজেট থেকে টিভিইটি সেক্টরে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য গবেষক পুলের একজন সক্রিয় সদস্য হিসেবে আপনার কাছ থেকে গবেষণার শিরোনাম আহ্বান করছে। এমতাবস্থায় গবেষণার শিরোনাম নির্বাচন করে আগামী ১৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে এনএসডিসি সচিবালয়ে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

(এ বি এম খোরশেদ আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)
এনএসডিসি সচিবালয়
টেলিফোন নম্বর- ৮৮৯১০৯১
ই-মেইল- nsdcsec@nsdc.gov.bd

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়)

১. জনাব মোহাম্মদ রেজাউল করিম, পরিচালক (কর্মসূচি), এনএসডিসি সচিবালয়, ঢাকা।
২. জনাব নেপাল চন্দ্র কর্মকার, উপপরিচালক, এনএসডিসি সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
৩. জনাব মোঃ মোদাচ্ছের আলী, উপপরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. ড. সৈয়দ আব্দুল আজিজ, অধ্যক্ষ, পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ, পঞ্চগড়।
৫. ড. মোহাম্মদ বেলাল হোসেন, অধ্যক্ষ, জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজ, জয়পুরহাট।
৬. ইঞ্জিনিয়ার কাজী মেজবাউল ইসলাম, অধ্যক্ষ, মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজ, মৌলভীবাজার।
৭. জনাব মোঃ কামরুজ্জামান, উপপরিচালক, এনএসডিসি সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
৮. ড. মোঃ সাকাওয়াৎ আলী, অধ্যক্ষ, বাংলাদেশ কোরিয়া টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (বিকেটিসি), দারুস-